

উপজেলা পরিষদ

আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।
www.alikadam.bandarban.gov.bd

স্মারক নং-০০.০০.০৩০৪.১১২.০৯.০০১.২৪- ৪৮

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০
০১ এপ্রিল ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

উপজেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে আলীকদম উপজেলা পানি শৌখিনাগার এর যাবতীয় কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভাবে দৈনিক মজুরীর ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | বেতন |
|--------|---------------------------|-------------|--|-----------------|
| ০১ | ক্যাশিয়ার (বিল কালেক্টর) | ০১ (এক) জন | এইচ,এস,সি সহ কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। | আলোচনা সাপেক্ষে |
| ০২ | পাম্প অপারেটর | ০২ (দুই) জন | এস,এস,সি (ভোকেশনাল) ও ইলেকট্রিক কাজের অভিজ্ঞতা সম্পন্ন | ৫ |
| ০৩ | লাইনম্যান | ০১ (এক) জন | এস,এস,সি (ভোকেশনাল) ও পানির পাইপ লাইনের কাজের অভিজ্ঞতা সম্পন্ন | ৫ |
| ০৪ | নাইট গার্ড | ০১ (এক) জন | অষ্টম শ্রেণী পাশ | ৫ |

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্রে স্পষ্টকরে- (ক) প্রার্থীর নাম (খ) পিতা/মাতা/স্বামীর নাম (গ) জন্ম তারিখ (ঘ) জাতীয়তা (ঙ) স্থায়ী ও অস্থায়ী ঠিকানা (চ) ধর্ম (ছ) ৩০/০৩/২০২৪ইং তারিখে প্রার্থীর বয়স (শিক্ষাগত যোগ্যতা ও জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী) (জ) অভিজ্ঞতা (যদি থাকে) (ঝ) মোবাইল নম্বর।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে-
 - প্রার্থীর সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - শিক্ষাগত যোগ্যতার সনদ (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)
 - চারিত্রিক সনদপত্র।
 - মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সাক্ষর অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)
 - উপজেলা নির্বাহী অফিসার, আলীকদমের নামে ক্রমিক নং- ১-৩ পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা এবং ০৪ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - খামের উপর প্রাপকের অংশে প্রার্থীর ডাক ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার অব্যবহৃত ডাক টিকেট খামটি আবেদনপত্রের সংগে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স সীমা ৩০/০৩/২০২৪ইং তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- আবেদনপত্র চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলাকে সম্বোধন করে আগামী ২০/০৪/২০২৪ইং তারিখ অফিস চলাকালীন, সরাসরি অথবা ডাকযোগে উপজেলা পরিষদ চেয়ারম্যান, আলীকদম, বান্দরবান এর কার্যালয়ে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। ছবি এবং বিভিন্ন সনদপত্রের কপি সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীসহ সীল স্বাক্ষর থাকতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাইতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা সন্তান/মহিলা/আনসার ডিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র আবেদনের সাথে জমা দিতে হবে (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে যে কোন সময়/পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।
- অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিধায় (কাজ নাই মজুরী নাই) নিয়োগকারী কর্তৃক যে কোন সময় নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।
- আলীকদম উপজেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- খামের উপর পদের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


(আতউল গনি ওসমানী)
উপজেলা নির্বাহী অফিসার

আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।